৪৮

আজকের কাগজ

তারিখ 08 OCT 1995
পৃষ্ঠা ৬ কলাম ৫

# ময়মনসিংহ শহরে উচ্চ মাধ্যমিক শ্রেণীর ছাত্রদের কোনো সরকারি কলেজ নেই

**শরীফুজ্জামান টিটু** ঃ ময়মনসিংহ শহরে বর্তমানে উচ্চ মাধ্যমিক শ্রেণীর ছাত্রদের কোনো সরকারি কলেজ নেই। শিক্ষার শহর ময়মনসিংহের প্রায় এক হাজার থেকে বারশ' উচ্চ মাধ্যমিক শ্রেণীর ছাত্র সরকারি সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। শুধু তাই নয় সরকারি বা ভালো কোনো কলেজে পড়ার মতো যোগ্যতা থাকা সত্ত্বেও ছাত্ররা বেসরকারি কলেজগুলোতে অনিশ্চয়তার মধ্যে ভর্তি হচ্ছে। যাদের সামর্থ আছে তাঁরা ঢাকা বা অন্য কোনো স্থানে সরকারি অথবা ভালো কোনো প্রাইভেট কলেজে ভর্তি হয়ে পড়ালেখা শুরু করে দিয়েছে। ময়মনসিংহে এ সমস্যা দেখা দিয়েছে আনন্দমোহন কলেজ উচ্চ মাধ্যমিক প্রথম বর্ষে ভর্তি বন্ধ করে দেয়ার সিদ্ধান্ত নেয়ার পর। আনন্দমোহন কলেজকে বিশ্ববিদ্যালয় করার লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় থেকে চিঠি পেয়ে কলেজ কর্তৃপক্ষ উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ভর্তি বন্ধ করার সিদ্ধান্ত নেয়। পরবর্তীতে আনন্দ মোহন কলেজ ছাত্র সংসদের উদ্যোগে গত ২৩ আগস্ট স্থানীয় সকল রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক নেতা ও প্রভাবশালী লোকদের নিয়ে এক আলোচনার মাধ্যমে বৃহত্তর স্বার্থের কথা চিন্তা করে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ভর্তি বন্ধের সিদ্ধান্ত নিয়ে কলেজ কর্তৃপক্ষকে জানায় এবং পাশাপাশি ময়মনসিংহ শহরে একটি সরকারি উচ্চ মাধ্যমিক কলেজ স্থাপনের উদ্যোগ নেয়া হবে বলে সিদ্ধান্ত নেয়া হয়। কিন্তু সময়ের স্বল্পতার দরুণ এ উদ্যোগ কার্যকর হয়নি। ফলে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ভর্তিচ্ছু ছাত্ররা বিপাকে পড়ে যায়। পরবর্তীতে ভর্তি চলাকালে মন্ত্রণালয় থেকে আনন্দমোহন কলেজে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ভর্তি করানোর জন্যে মৌখিক ভাবে আদেশ দেয়া হয়। কিন্তু এ আদেশের প্রেক্ষিতে আনন্দমোহন কলেজের ছাত্র ঐক্য পরিষদ কলেজকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত হতে বাধা সৃষ্টি হতে পারে, একথা ভেবে একাদশ শ্রেণীতে ভর্তির আদেশের বিরোধীতা করে এবং শেষ পর্যন্ত আনন্দমোহন কলেজ একাদশ শ্রেণীতে ভর্তি করানো হয়নি। ফলে ময়মনসিংহ শহরে ছেলেদের কোনো সরকারি উচ্চ মাধ্যমিক কলেজ রইলো না। সেজন্যে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ভর্তিচ্ছু ছাত্ররা বেশ কিছুদিন ধরে শহরে বিক্ষোভ প্রদর্শন করছে এবং মিছিল সমাবেশ করে জেলা প্রশাসক বরাবর স্মারকলিপি পেশ করেছে। ময়মনসিংহের সচেতন নাগরিক ও অভিজ্ঞ মহল অত্যন্ত ক্ষোভের সঙ্গে জানিয়েছে সদ্য এসএসসি পাশ ছেলেদের ভর্তি সমস্যা মূলত ময়মনসিংহের রাজনৈতিক নেতাদের ব্যর্থতা। এ ব্যাপারে যথাযথ কর্তৃপক্ষের আশুদৃষ্টি দেয়া অতি জরুরি।